গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৭.২১- তারিখঃ /১২/২০২১ খ্রিষ্টাব্দ।

**বিষয় ঃ ০৪(চার) জন সাবেক সিনিয়র স্টাফ নার্স কর্তৃক ভুয়া বিলের মাধ্যমে সরকারি অর্থ আত্নসাৎ করার কাজে জড়িত বার্ণ ইউনিট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকার ক্যাশ শাখায় কর্মরত আউটসোর্সিং কর্মচারী সুমন মিয়া এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বার্ন ইউনিট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকার ০৪(চার) জন সাবেক সিনিয়র স্টাফ নার্স এর বিরুদ্ধে ভুয়া বিলের মাধ্যমে ইএফটি করে সরকারী অতিরিক্ত অর্থ আত্নসাৎ করার অভিযোগ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা কর্তৃক ২৩/০২/২০২১ খ্রিঃ তারিখের সিএএফও/প্রশাঃ/১৩২৩ নং স্মারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা বরাবর প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট, ঢাকা কর্তৃক ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখের ১৫৮ নং স্মারকে এ অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে অভিযুক্ত ০৪(চার) জন সিনিয়র স্টাফ নার্সের বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম চালু করা হয়েছে। সকল অভিযুক্ত নার্স তাদের জবানবন্দিতে জানিয়েছেন, তাদের এহেন অপরাধে তথা ভুয়া বিলের মাধ্যমে ইএফটি করে সরকারী অতিরিক্ত অর্থ আত্নসাতে ঢাকা মেডিকের কলেজ হাসপাতাল, ঢাকার বার্ন ইউনিট ক্যাশ শাখায় কর্মরত আউটসোর্সিং কর্মচারী সুমন মিয়া সহযোগিতা করেছেন।

এমতাবস্থায়, অভিযুক্ত আউটসোর্সিং কর্মচারী সুমন মিয়া এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ-
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোন ঃ ০২-৪১০৮০৮১৭

পরিচালক
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৭.২১- ৫০২/১(৬) তারিখঃ ১৪ /১২/২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (এফএম)/ অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সেবা তত্ত্বাবধায়ক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৪/১২/২১
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.১০১.২১-৩৬৬ তাং------------------------/১৪২৮ বঙ্গাব্দ /২০২১ খ্রিষ্টাব্দ

## নোটিশ

জনাব শংকু বড়ুয়া, পিতা-খগেন্দ্র নাথ বড়ুয়া, অধ্যক্ষ, ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম (গত ১৫/০৬/২০২১ খ্রিঃ তারিখ হতে অবসরোত্তর ছুটিতে আছেন) এর বিরুদ্ধে আনীত অভিযোগটি সরেজমিনে তদন্ত পুর্বক প্রতিবেদন প্রেরন করার জন্য নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের গত ২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.০০৭.২৭.১০১.২১.৩৫২ নং স্মারকে গঠিত কমিটিকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়। তদন্ত কমিটিতদন্ত কার্যক্রম আগামী ৩০/১২/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় সরেজমিনে অধ্যক্ষ, ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম এর কক্ষে অনুষ্ঠিত হবে।

২। জনাব শংকু বড়ুয়া, পিতা-খগেন্দ্র নাথ বড়ুয়া, অধ্যক্ষ, ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম (গত ১৫/০৬/২০২১ খ্রিঃ তারিখ হতে অবসরোত্তর ছুটিতে আছেন) উক্ত তদন্ত কার্যক্রমে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

শিরীন আখতার
উপপরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

কর্মস্থলের ঠিকানা
জনাব শংকু বড়ুয়া
পিতা-খগেন্দ্র নাথ বড়ুয়া
অধ্যক্ষ, ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.১০১.২১-৩৬৬.৫০৭/২(৯) তাং ৩০/৮/১৪২৮ বঙ্গাব্দ ১৫/১২/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। অধ্যক্ষ, ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম ।
৩। মিলি চৌধুরী (অধ্যক্ষ- অবঃ) ,ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম , ঠিকানা- ১৫০/দেয়ানজী পুকুরপাড়, কোতোয়ালী, রহমগঞ্জ, চট্টগ্রাম।
৪। জনাব শংকু বড়ুয়া ,পিতা-খগেন্দ্র নাথ বড়ুয়া ,অধ্যক্ষ, ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম।
৫। জনাব খোরশেদ আলম, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা ।
৬। জনাব মোঃ নুরুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী ,নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর ,ঢাকা।
৯। অফিস কপি।

15.12.2021
শিরীন আখতার
উপপরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৫.২১ . ৫০৮ তারিখ- ১৫/১২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ **রিট পিটিশন মামলা ১১৩৮৪/২০২১ এর বিষয়ে ব্যবস্থা গ্রহণ।**

সূত্রঃ ১। স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৭২.১৯.০১০.২১-৩২৫, তারিখ- ১৬/১১/২০২১ খ্রিঃ।
২। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.০৮.২২২.২১-২৫৪২, তারিখ- ২১/১১/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব নাসরিন খানম, সাবেক উপপরিচালক (অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকাকে সূত্রস্থ ১নং স্মারকমূলে জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জনের কার্যালয়, মুন্সিগঞ্জ হিসেবে বদলি করা হয়। তত্প্রেক্ষিতে এ অধিদপ্তরের সূত্রস্থ ২নং স্মারকমূলে ২১-১১-২০২১ খ্রিঃ তারিখে ছাড়পত্র প্রদান করা হয়। পরবর্তীতে বদলিকৃত কর্মকর্তা হাইকোর্ট বিভাগে তার বদলির আদেশ স্থগিতের জন্য ১১৩৮৪/২০২১ নং রিট মামলা দায়ের করেন। বিজ্ঞ আদালতের ০১-১২-২০২১ খ্রিঃ তারিখের আদেশে তার বদলির আদেশ ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হয়েছে এবং নিয়মিত বেতন ভাতাদি পরিশোধের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর মহাপরিচালককে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত রিট মামলার আদেশের অনুলিপি ১২-১২-২০২১ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত হয়েছে এবং আদেশের কপি এ অধিদপ্তরে ১৩-১২-২০২১ খ্রিঃ তারিখে গৃহীত হয়েছে।

২। প্রতীয়মান হয়, বর্ণিত রিট মামলায় বিজ্ঞ আদালতের আদেশ প্রাপ্তির পূর্বেই বদলির আদেশাধীন কর্মকর্তা জনাব নাসরিন খানমকে এ অধিদপ্তর হতে ছাড়পত্র প্রদান করা হয়েছে।

৩। বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি- ০৬ (ছয়) পাতা।

১৫/১২/২১
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৫.২১ - ৫০৮/১(৪) তারিখ- ১৫/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে
১। অতিরিক্ত সচিব (আইন/ নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন)/ (অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী সচিব (আইন-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৫/১২/২১
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩১.২১- তারিখঃ১৫/১২/২০২১ খ্রিঃ

**অফিস আদেশ**

জনাব রুবিয়া আক্তার, পিতাঃ ওমরা খান, সিনিয়র স্টাফ নার্স, শহীদ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে গত ২২/০৯/২০২১ খ্রিঃ তারিখে মুহাম্মদ হেলাল উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স (সাবেক উপসেবা তত্ত্বাবধায়ক), শহীদ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ কর্তৃক আনীত অভিযোগ এর প্রেক্ষিতে ০৫/১০/২০২১ খ্রিঃ তারিখে কারণ দর্শাতে নির্দেশ প্রদান করা হয়। গত ১৩/১০/২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক।

২। এমতাবস্থায়, জনাব রুবিয়া আক্তার, পিতাঃ ওমরা খান, সিনিয়র স্টাফ নার্স, শহীদ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

স্বাঃ
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০৮১৭

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩১.২১- ৫০৯/১(৭) তারিখঃ১৫/১২/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে

১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২।পরিচালক, শহীদ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ।
৩। সেবা তত্ত্বাধায়ক, শহীদ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ ।
৪। সেবা তত্ত্বাধায়ক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা ।
৫। জনাব রুবিয়া আক্তার, পিতাঃ ওমরা খান, সিনিয়র স্টাফ নার্স, শহীদ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ।
৬। উপপরিচালক, পিএমআইএস , এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৫/১২/২১
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১০.২১- [handwritten] তারিখঃ /১২/২০২১ খ্রিঃ

**অফিস আদেশ**

জনাব হাফিজুর রহমান, পিতাঃ আব্দুল লতিফ হাওলাদার, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, ভোলা এর বিরুদ্ধে জনাব হেলাল উদ্দিন কর্তৃক ২৩/১২/২০২০ খ্রিঃ তারিখের অভিযোগের প্রক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের গত ০৯/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০০০০.০৩.০০৭.২৭.২৬১.২০২০-২২৭ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। গত ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখের ২৫০ শয্যা/জেনাঃ/হাসঃ/ভোলা/২০২১/৭০২ নং স্মারকে কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন। গত ২৮/০৯/২০২১ খ্রিঃ তারিখে ৪৫.০০০০.০০৭.২৭.১১০.২০২০.৪০৬ নং স্মারকে তার বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা। তদন্ত কর্মকর্তা গত ১৩/১০/২০২১ খ্রিঃ তারিখে সি,এস/ ভোলা/২০২১/০৫ নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন মতে আনীত অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হয়নি।

২। এমতাবস্থায়, উল্লিখিত তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে জনাব হাফিজুর রহমান, পিতাঃ আব্দুল লতিফ হাওলাদার, সিনিয়র স্টাফ নার্স, সদর হাসপাতাল, ভোলা এর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

[handwritten signature and date]
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০১৭

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১০.২১- [handwritten] তারিখঃ ১২/১২/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে

১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। সিভিল সার্জন, ভোলা।
৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,, ভোলা।
৪। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, ভোলা।
৫। সেবা তত্ত্বাবধায়ক/উপ সেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, ভোলা।
৬। উপপরিচালক, পিএমআইএস , এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৭। জনাব হাফিজুর রহমান, পিতাঃ আব্দুল লতিফ হাওলাদার, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, ভোলা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

[handwritten signature and date]
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর